

নিয়োগ বিজ্ঞপ্তি



ঢাকা বিশ্ববিদ্যালয়: বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ টাঃ ৩৫৫০০-৬৭০১০/-বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫) ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসের ৩টি স্থায়ী শূন্য সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক পদ পূরণের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকার বিনিময়ে রেজিস্ট্রারের দপ্তরে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে। প্রার্থীদেরকে স্নাতকোত্তর ডিগ্রীধারী হইতে হইবে এবং শিক্ষা জীবনের সকল পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণী থাকিতে হইবে। প্রার্থীদেরকে কম্পিউটার চালনায় অভিজ্ঞ হইতে হইবে। প্রার্থীদেরকে উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে সেকশন অফিসার/সমপর্যায় ০৩ (তিন) বৎসর কাজের অভিজ্ঞতা থাকিতে হইবে। পরীক্ষা সংক্রান্ত গোপনীয় বিষয়াদি তত্ত্বাবধানে অভিজ্ঞ অভ্যন্তরীণ প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া যাইতে পারে। শিক্ষা জীবনের কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং সকল সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ ৮(আট) প্রস্থ দরখাস্ত আগামী ১৭-০৯-২০১৮ তারিখের মধ্যে রেজিস্ট্রারের নিকট পৌঁছাইতে হইবে। চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করিতে হইবে।

Amam